দৈনিক ইত্তেফাক

48

তারিখ ... ... MAR. 07 2000
পৃষ্ঠা ৪ কলাম ১

# এসএসসি পরীক্ষায় প্রশ্নপত্রে ভুল

চলতি এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে অর্থাৎ গত. ৫-৩-২০০০ তারিখে ছিল বাংলা (আবশ্যিক) প্রথম পত্র পরীক্ষা। ইহার নৈর্ব্যক্তিক 'খ' সেট প্রশ্নপত্রে দুইটি প্রশ্নে ভুল পাইয়াছি। নিরুপায় হইয়া ভুল উত্তর করিয়াছি। প্রশ্ন দুইটি সম্পর্কে জানাইতেছি। ৩ নম্বর প্রশ্নে ছিল– 'আমিরুল মুমেনিন' বলতে কি বুঝ? (ক) মুসলিম জগতের সম্রাট, (খ) বিশ্বনেতা, (গ) বিশ্ববাসীর নেতা, (ঘ) মুসলিম খলিফা। ইহার যথাযথ উত্তর হইল, 'বিশ্বাসীদের নেতা'– যাহা প্রশ্নপত্রে ছিল না। ২৩ নম্বর প্রশ্নে ছিল– 'গো ব্রাহ্মণে ভক্তি তাহার এ অঞ্চলে বিখ্যাত'-এ কার উক্তি? (ক) গফুরের, (খ) মানিক ঘোষের, (গ) তর্করত্নের (ঘ) ব্রাহ্মণ জমিদারের।' ইহার উত্তর হইবে 'লেখকের'। অর্থাৎ বাক্যটি লেখকের উক্তি, যাহার উল্লেখ প্রশ্নপত্রে করা হয় নাই এখন আমার প্রশ্ন হইল উল্লিখিত ভুলের দায় আমরা পরীক্ষার্থীরা কি বহন করিব? যে কোন পরীক্ষার্থীর কাছেই দুইটি নম্বর (১+১=২) অনেক অনেক মূল্যবান। হয়ত এই দুইটি নম্বরের অভাবে অনেকে লেটার পাওয়া হইতে বঞ্চিত হইবে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**ফওজিয়া খান**
ঢাকা।